

সাত মাসেও প্রকাশ হয়নি ফলাফল, দুর্ভোগে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক, বরিশাল



বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে ফলাফলের অপেক্ষায় রয়েছেন। পরীক্ষা শেষ হয়েছে সাত মাস আগে, তবুও ফলাফল এখনো প্রকাশিত হয়নি। যার কারণে চাকরি ও মাস্টার্সে ভর্তি প্রক্রিয়া আটকে গেছে।

শিক্ষার্থীরা জানান, চলতি বছরের ১২ মার্চ পরীক্ষা শুরু হয়ে শেষ হয় ১৬ এপ্রিল।

এরপর থেকেই ফলাফল প্রকাশ নিয়ে চলছে
দীর্ঘ প্রতীক্ষা। তাদের অভিযোগ, বিভাগের
শিক্ষকদের গাফিলতি ও প্রশাসনিক দীর্ঘসূত্রতার
কারণেই এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

একজন শিক্ষার্থী সামাজিক যোগাযোগ মাধ্যমে
লিখেছেন, ‘প্রতিবারের মতো এবারও
শিক্ষকদের পেছনে ঘুরছি। সময়মতো পরীক্ষা
শেষ হয় না, ফলাফলও আসে না।

মনে হয় কোনো অদৃশ্য বাধা আমাদের ভাগ্যে
জড়িয়ে আছে।’ আরো লিখেছেন, ‘রেজাল্ট
প্রকাশ কোনো দয়া নয়, এটি আমাদের
অধিকার। একদিন আগেও ফল পেলে হয়তো
একটি চাকরির আবেদন করা যেত, কিন্তু আমরা
সুযোগ হারাচ্ছি বারবার।’

একজন নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষার্থী বলেন,
‘অনার্স শেষ করে মাস্টার্সে ভর্তি হওয়ার ইচ্ছে
এখন স্বপ্ন হয়ে গেছে।

জুনের পর থেকে যত চাকরির বিজ্ঞপ্তি
বেরিয়েছে, আমরা শুধু তাকিয়ে থেকেছি। এক
স্যার বলছেন ফাইল অন্যজনের টেবিলে,
অন্যজন বলছেন তার কাছে নেই। অন্য বিভাগ

এখন মাস্টার্স ফাইনালের প্রস্তুতি নিচ্ছে, আর
আমরা এখনো অনার্সের রেজাল্টের
অপেক্ষায়।’

বিভাগীয় সূত্রে জানা গেছে, পরীক্ষা কমিটির
সভাপতি আব্দুল আলিম বাছির ফলাফল
প্রকাশে আগ্রহী ছিলেন, কিন্তু প্রয়োজনীয়
‘লজিস্টিক সাপোর্ট’ না পাওয়ায় তা সম্ভব হয়নি।

তিনি বিষয়টির সত্যতা স্বীকার করে বলেন,
‘যথাযথ সহায়তা পেলে এক সপ্তাহের মধ্যেই
ফলাফল প্রকাশ করা সম্ভব।

কেন বিলম্ব হচ্ছে, তা চেয়ারম্যান স্যার ভালো
বলতে পারবেন।’

তবে বিভাগীয় চেয়ারম্যান মো. হারুন অর রশীদ
বর্তমানে শিক্ষা ছুটিতে আছেন। ভারপ্রাপ্ত
চেয়ারম্যান মো. আশিকুর রহমান বলেন,
‘পরীক্ষা কমিটির দুই শিক্ষকই শিক্ষা ছুটিতে
থাকায় কিছুটা দেরি হচ্ছে। তবে আমরা দ্রুত
ফলাফল প্রকাশের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি।’